মেহেরপুরে প্রাথমিক বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত

মেহেরপুর জেলা ৩ টি উপজেলার ৩ টি পরীক্ষা কেন্দ্রে প্রাথমিক বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ৩ টি উপজেলা থেকে এবছর ২ হাজার ১৮৫ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহন করার কথা থাকলেও ২২ জন শিক্ষার্থী অনুপস্থিত থাকে।

মেহেরপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, চলতি সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষায় এবছর ২ হাজার ১৮৫ জন শিক্ষার্থী অংশগ্রহন করতে রেজিষ্ট্রেশন করে। এর মধ্যে ৭৫৪ জন ছাত্র এবং ১ হাজার ৪৩১ জন ছাত্রী রয়েছে।

মোট পরীক্ষার্থীর মধ্যে মেহেরপুর সদর উপজেলায় ৮০৪ জন।এর মধ্যে ছাত্র ২৯৪ জন এবং ছাত্রী ৫১০ জন। অনুপস্থিত ৯ জন পরীক্ষার্থী।

গাংনী উপজেলায় পরীক্ষার্থীর সংখ্যা ১ হাজার ৫৩ জন। এর মধ্যে ছাত্র ৩৫০ এবং ছাত্রী ৭০৩ জন। অনুপস্থিত ছাত্র এবং ছাত্রী ৬ জন।

মুজিবনগর উপজেলা থেকে মোট পরীক্ষার্থীর সংখ্যা ৩২৮ জন। এর মধ্যে ছাত্র ১১০ জন এবং ছাত্রী ২১৮ জন। অনুপস্থিত ২ জন।

এদিকে প্রাথমিক বৃত্তি পরীক্ষা চলাকালীন সময়ে মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান মেহেরপুর সরকারী বালিকা উচ্চ বালিকা বিদ্যালয় কেন্দ্র সহ বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করেন। এসময় জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ভ’পেষ রঞ্জন রায় , সদও উপজেলা প্রাথমিক শিক্সঅ অফিসার আপিলউদ্দীন উপস্থিত ছিলেন।